

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৭- ৪২৫

তারিখঃ ২৮ ০৯.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ সলিল কুমার বড়ুয়া (৩৮০৬৬), সিনিয়র কনসালট্যান্ট (কার্ডিওলজি) ও স্থানীয়ভাবে তত্ত্বাবধায়কের দায়িত্ব প্রাপ্ত, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম (বর্তমানে ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা

অভিযোগনামা

যেহেতু, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রামের তত্ত্বাবধায়ক পদটি ইতোপূর্বে শূন্য হওয়ায় উক্ত হাসপাতালের কার্যক্রম চলমান রাখার জন্য আপনাকে সাময়িকভাবে স্থানীয় ব্যবস্থাপনায় উক্ত পদের দায়িত্ব প্রদান করা হয়;


যেহেতু, পরবর্তীতে উক্ত শূন্য পদে স্বাস্থ্য সেবা বিভাগের পার-২ অধিশাখা হতে নিয়মিত কর্মকর্তা ডাঃ অসীম কুমার নাথ (৩৮৮১৮)কে গত ২২.০৫.২০১৭ খ্রিঃ পদায়ন করা হলে নতুন নিয়মিত কর্মকর্তার নিকট আপনি তত্ত্বাবধায়কের দায়িত্ব হস্তান্তর করেননি এবং হস্তান্তর করতে অস্বীকৃতি জানিয়েছেন;

যেহেতু, এ প্রেক্ষিতে পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম পদায়নকৃত নিয়মিত কর্মকর্তার নিকট দায়িত্ব হস্তান্তরের জন্য আপনাকে মৌখিকভাবে অনুরোধ করেন ও দাপ্তরিকভাবে পত্র প্রেরণ করেন। এ সংক্রান্ত বিষয়টি স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের গোচরীভূত হলে তিনি আপনাকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দায়িত্ব হস্তান্তরের জন্য অনুরোধ জানান। এতদসঙ্গেও আপনি দায়িত্বভার হস্তান্তর না করায় পরিচালক (স্বাস্থ্য) বিষয়টি পত্র মারফত পার-২ অধিশাখাকে অবহিত করেন; পার-২ অধিশাখা আপনাকে দায়িত্ব হস্তান্তরের জন্য পুনরায় পত্র মারফত অনুরোধ করেন। এতদসঙ্গেও দায়িত্ব হস্তান্তর না করায় পার-২ অধিশাখা হতে আপনাকে স্বাস্থ্য অধিদপ্তরে ওএসডি হিসেবে পদায়ন করা হয়;

যেহেতু, আপনি মন্ত্রণালয়ের বৈধ আদেশ অমান্য করেছেন এবং তা প্রতিপালন না করে সরকারি আদেশের প্রতি চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন, আপনার উল্লিখিত কার্যকলাপ শুংখলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষেণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব


ডাঃ সলিল কুমার বড়ুয়া (৩৮০৬৬),
সিনিয়র কনসালট্যান্ট (কার্ডিওলজি) ও
স্থানীয়ভাবে তত্ত্বাবধায়কের দায়িত্ব প্রাপ্ত,
২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
(বর্তমানে ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৭- ৪২৫/১(৫)

তারিখঃ ২৮ ০৯.২০১৭ খ্রিঃ


অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মুখ্যসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ই-মেইলে প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইট প্রকাশের জন্য)।


২৮/০৯/২০১৭
(অসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
www.mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ সলিল কুমার বড়ুয়া (৩৮০৬৬), সিনিয়র কনসালট্যান্ট (কার্ডিওলজি) ও স্থানীয়ভাবে তত্ত্বাবধায়কের দায়িত্ব প্রাপ্ত, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম (বর্তমানে ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) মন্ত্রণালয়ের বৈধ আদেশে অমান্য করেছেন, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কর্তৃক অনুরোধ সত্ত্বেও এবং মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণের পরও তা প্রতিপালন না করে সরকারি আদেশের প্রতি চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন। আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ'এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


মোঃ সিরাজুদ্দীন হক খান
সচিব